



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং: ৩৮.০১.০০০০.৭০০.৯৯.০৩৬.২৩-৪৬১/১০০০

তারিখ: ২৭ কার্তিক ১৪৩০
১২ নভেম্বর ২০২৩

বিষয়: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক উদ্বোধনের নিমিত্ত নবনির্মিত ২০২৩টি সরকারি প্রাথমিক বিদ্যালয় ও অন্যান্য ৬টি ভবনে উদ্বোধনী ফলক স্থাপন।


সূত্র: প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র সংখ্যা: ০৩.০০.২৬৯০.০৮২.৪৬.০২৭.২০২৩-২৭, তারিখ: ১১ নভেম্বর ২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা, এমপি সারাদেশে নবনির্মিত ২০২৩টি সরকারি প্রাথমিক বিদ্যালয় ভবন, ৪টি পিটিআই অডিটোরিয়াম ভবন, কক্সবাজারস্থ লিডারশীপ ট্রেনিং সেন্টার ভবন এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের প্রধান কার্যালয় ভবন আগামী ১৪ নভেম্বর ২০২৩ তারিখ সকাল ১০:০০ টায় ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে শূভ উদ্বোধন করার বিষয়ে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

২। এমতাবস্থায়, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের মাধ্যমে নির্মিত ৪টি পিটিআই অডিটোরিয়াম ভবন (সিলেট, বরিশাল, রংপুর ও যশোর) এবং নবনির্মিত ২০২৩টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে যথাসময়ে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নামাংকিত উদ্বোধনী ফলক স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

সংযুক্তি: (ক) প্রধানমন্ত্রী কার্যালয়ের পত্র ১ (এক) পাতা।
(খ) ২০২৩টি বিদ্যালয়ের তালিকা ৩২ পাতা।


মোঃ হাসিনুল হক
২৭.১১.২০২৩

মহাপরিচালক (রুটিন দায়িত্ব)
ফোন: ০২-৫৫০৭৪৭৭৭

E-mail: dgprimarybd@gmail.com

প্রধান প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার (সকল বিভাগ)
৩. জেলা প্রশাসক (সকল), জেলা:
৪. সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. বিভাগীয় উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা, বিভাগ:.....
৬. নির্বাহী প্রকৌশলী (সকল), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জেলা:
৭. নির্বাহী প্রকৌশলী (সকল), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জেলা:
৮. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), জেলা:
৯. পিটিআই সুপারিনটেন্ডেন্ট (সকল), পিটিআই
১০. মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
১১. অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
১২. অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি৪) এর ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
১৩. ব্যবস্থাপনা পরিচালক, মডার্ন ইঞ্জিনিয়ার্স প্র্যানার্স এন্ড কনসালটেন্টস লি., ১৪/১৭, মনিপুরীপাড়া, ঢাকা-১২১৫।
১৪. ব্যবস্থাপনা পরিচালক, টিসিইএল-এসএসএল-টিই জেডি, তাজিম এন্টারপ্রাইজ, ১৯৭, ড. কুদরত-ই খুদা রোড, হাতিরপুল, ঢাকা।
১৫. অফিস কপি।